



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/যশোর-৭২/ ২০১৭/৬

তারিখঃ ২৪/০৯/২০১৭খ্রিঃ

বিষয় : অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে।

- সূত্রঃ
- ১) নং-বামাশিবো/প্রশা/যশোর-৭২/১৫২৪/৭; তারিখঃ ০৮/০১/২০১৭খ্রিঃ
 - ২) আরক নং- ০৫.৪৪.৪১৪০০.০৪৭.০২০.০১.১৭-৫৫/২; তারিখঃ ১৮ জানুয়ারি ২০১৭খ্রিঃ
 - ৩) আরক নং- ০৫.৪৪.৪১০০.০৪৭.০১৮.০২.১৭-৫৫১; তারিখঃ ০৫ সেপ্টেম্বর ২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন হোগলাডাঙ্গা শাহ বাখের উল্যাহ দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার কর্তৃক জাল জালিয়াতি করে গঠিত ম্যানেজিং কমিটি অনুমোদন না দিয়ে বাতিল করার জন্য দাতা, প্রতিষ্ঠাতা, অভিভাবক ও এলাকাবাসীর পক্ষে জনৈক মোঃ আশেক বিল্লাহ ও মোঃ হাবিবুর রহমানসহ কতিপয় ব্যক্তি একথানা অভিযোগপত্র দাখিল করেন (কপি সংযুক্ত)।

অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ১নং আরকে উপজেলা নির্বাহী অফিসার, সদর, যশোরকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, সদর, যশোর সূত্রোক্ত ২নং আরকে একটি প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় অভিযোগকারীদের অভিযোগের সত্যতা পাওয়া যায়নি বিধায় অত্র দপ্তর হতে গত ২১/০৫/২০১৭খ্রিঃ নং- বামাশিবো/প্রশা/১৮৮৭/২; তারিখঃ ২১/০৫/২০১৭খ্রিঃ আরকে ম্যানেজিং কমিটির অনুমোদন দেয়া হয়।

পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার, সদর, যশোর কর্তৃক সূত্রোক্ত ৩নং আরকে অপর একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনাতে দেখা যায়, ম্যানেজিং কমিটি গঠনে বিদ্যমান বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হয়নি, গোপনে নির্বাচন করা হয়েছে বিধায় নতুন করে নির্বাচন অনুষ্ঠানের জন্য সুপারিশ করা হয়েছে।

অন্যদিকে দাতা, প্রতিষ্ঠাতা, অভিভাবক ও এলাকাবাসী দুইজন সরকারী কর্মকর্তার স্বাক্ষর জালিয়াতি করে ভূয়া তদন্ত প্রতিবেদন দাখিল করে ভূয়া ম্যানেজিং কমিটি অনুমোদনকরণ প্রসঙ্গে একথানা অভিযোগ বোর্ডে দাখিল করেছেন। এরই পরিপ্রেক্ষিতে বোর্ড কর্তৃক উপজেলা নির্বাহী অফিসারের সাথে টেলিফোনিক যোগাযোগ করা হলে তিনি সূত্রোক্ত ২নং আরকের প্রতিবেদনটি ভূয়া ও ৩নং আরকে প্রেরিত প্রতিবেদনটি সঠিক মর্মে নিশ্চিত করেছেন।

বর্ণিত অবস্থায় বিধি মোতাবেক ম্যানেজিং কমিটি গঠন সঠিক না হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১৮৮৭/২/নথি নং- যশোর-৭২; তারিখঃ ২১/০৫/২০১৭খ্রিঃ আরকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


24.9.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

- প্রাপকঃ
- ১) সভাপতি, হোগলাডাঙ্গা শাহ বাখের উল্যাহ দাখিল মাদ্রাসা, সদর, যশোর।
 - ২) সুপার, হোগলাডাঙ্গা শাহ বাখের উল্যাহ দাখিল মাদ্রাসা, সদর, যশোর।

নং- বামাশিবো/প্রশা/যশোর-৭২/

তারিখঃ /০৯/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, যশোর।
২. জেলা শিক্ষা অফিসার, যশোর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, যশোর।
৪. জনাব মোঃ আশেক বিল্লাহ / মোঃ হাবিবুর রহমান গং, হোগলাডাঙ্গা, মাথাডাঙ্গা, সদর, যশোর।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪